



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ বাণিজ্য দপ্তর

সরকারী কার্যভবন-১, অগ্রাবাদ, চট্টগ্রাম
ফোন: ৭২৪১৪০, ৭২১৯০২, ফ্যাক্স: ৭২৪৯৫৪

ই-মেইল: mmdctgbd@gmail.com

নং-৪০২.০১২.০৩১.০০.০০.০৭৩/২০১৫ (১) - ২৫৯১ (৬)

তারিখ: ২৯/০৫/২০১৭ খ্রিঃ।

অফিস আদেশ

বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় “মোরা” এর কারণে চট্টগ্রাম এবং কক্সবাজার সমুদ্র বন্দরকে ৭ নং সংকেত দেখাতে বলা হয়েছে। উক্ত ঘূর্ণিঝড়টি আগামীকাল ৩০/০৫/২০১৭খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার দুপুরে চট্টগ্রাম এবং কক্সবাজার উপকূল অতিক্রম করতে পারে। উপকূল অতিক্রম করার সময় ঘূর্ণিঝড়টির প্রভাবে জলোচ্ছ্বাসের সম্ভাবনা রয়েছে। একই সময় জোয়ারের কারণে ঢেউয়ের উচ্চতা অনেক বৃদ্ধি পাবে মর্মে প্রবল ক্ষয়ক্ষতির আশঙ্কা আছে। ঘূর্ণিঝড়ের কারণে নৌ-বাণিজ্য দপ্তর, চট্টগ্রাম এবং উহার আওতাধীন নৌ-বাণিজ্য দপ্তর, খুলনা এবং কক্সবাজার, সেন্টমার্টিন ও কুতুবদিয়া বাতিঘরের সকল কর্মকর্তা/কর্মচারীগণকে নিম্নরূপ সাবধানতা অবলম্বন করতে এবং কার্যক্রম গ্রহণের নির্দেশ দেয়া যাচ্ছে :-

১. সকল কর্মকর্তা/কর্মচারীর ছুটি বাতিল বলে গণ্য করা হবে এবং সকল কর্মকর্তা/কর্মচারীকে বিপদ মোকাবেলায় স্ব-স্ব কর্মস্থলে প্রস্তুত থাকতে হবে।
২. দপ্তর - এ রক্ষিত সকল জীবন রক্ষাকারী, অগ্নি নির্বাপক যন্ত্রপাতি এবং ঔষধপত্র নাগালের মধ্যে রাখতে হবে,
৩. দপ্তর-এর সব দরজা, জানালা, আসবাবপত্র, ফাইলপত্র, কাগজপত্র ও অন্যান্য সরঞ্জামাদি বেধে হেফাজতে রাখতে হবে,
৪. বাতিঘর/দপ্তর-এর যাবতীয় যন্ত্রাংশ, বৈদ্যুতিক সরঞ্জাম, গ্যাস সিলিন্ডার, তৈলের ড্রাম সহ বাতিঘরের যাবতীয় সরঞ্জামাদি সর্বোচ্চ সাবধানতা নিয়ে নিরাপদ হেফাজতে রাখতে হবে,
৫. সাইক্লোন শেষ হওয়ার পর ক্ষয়ক্ষতির বিবরণ (যদি হয়) এবং বিশেষ করে বাতিঘর ও বাতির অবস্থা যথাশীঘ্র সম্ভব ফোনের মাধ্যমে অত্র দপ্তরে জানাতে হবে।

এ নির্দেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

প্রিন্সিপাল অফিসার

বিতরণ :

১. নটিক্যাল সার্ভেয়ার, নৌ বাণিজ্য দপ্তর, খুলনা।
২. ইনচার্জ, কক্সবাজার বাতিঘর, কক্সবাজার।
৩. ইনচার্জ, সেন্টমার্টিন বাতিঘর, সেন্টমার্টিন, কক্সবাজার।
৪. ইনচার্জ, কুতুবদিয়া বাতিঘর, কুতুবদিয়া, কক্সবাজার।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

১. সচিব, নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, নৌ-পরিবহণ অধিদপ্তর, মতিঝিল বা/এ, ঢাকা।

২৯/৫/২০১৭